বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পবিস নির্দেশিকা ১০০-৬৪

# পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ কর্তৃক ডিপোজিট ওয়ার্কের মালামাল ক্রয় নীতিমালা

(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০৩

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস নির্দেশিকা ১০০-৬৪

অনুমোদনের তারিখঃ ২০/০৭/২০০৮ খ্রিঃ
সংশোধনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ কর্তৃক ডিপোজিট ওয়ার্কের মালামাল ক্রয় নীতিমালা

০১॥ উদ্দেশ্যঃ

পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস)সমূহ কর্তৃক পবিস নির্দেশিকা ১০০-৪২ এর আওতায় ডিপোজিট ওয়ার্কের জন্য গ্রাহকদের নিকট হতে গৃহীত অর্থ দ্বারা বিদ্যুৎ নেটওয়ার্ক ব্যবস্থার সম্প্রসারণ কাজে ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের পদ্ধতি, তহবিলের উৎস ও মালামাল মজুদকরণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন।

০২॥ নীতিমালাঃ

(ক) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ বিদ্যুৎ নেটওয়ার্ক ব্যবস্থার সম্প্রসারণ কাজে ব্যবহারের জন্য প্রয়োজনীয় মালামাল পবিস নির্দেশিকা ১০০-৪২ এর আওতায় গ্রাহকদের নিকট হতে গৃহীত অর্থ দ্বারা অনুমোদিত বাজেট মোতাবেক দলগতভাবে বা প্রয়োজনে এককভাবে অথবা সরাসরি অন্য কোন পবিস হতে ক্রয় করতে পারবে;

(খ) দলগতভাবে বা গ্রুপে মালামাল ক্রয়ের জন্য দুই বা ততোধিক পবিস মিলিতভাবে একটি গ্রুপ হবে। অর্থ বৎসরের শুরুতে/প্রয়োজন অনুযায়ী প্রত্যেক দলের জন্য মালামাল ক্রয়ের প্রক্রিয়ার সকল আনুষ্ঠানিকতা পালনের লক্ষ্যে একটি পবিসকে লীড পবিস হিসেবে মনোনীত করা হবে। লীড পবিস নির্ধারণ, লীড পবিস কি বা কি কি মালামাল ক্রয় করবে তা নির্ধারণ ইত্যাদি বিষয়ে সময়ে সময়ে বাপবিবোর্ড কর্তৃক নির্ধারণ করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

(গ) আলোচ্য নীতিমালার আওতায় পবিসকে মনোনয়ন ও পবিসসমূহ কর্তৃক পূর্ববর্তী বাৎসরিক ক্রয় পর্যালোচনা করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে গঠিত একটি কমিটি দায়িত্ব পালন করবে। কমিটির সিদ্ধান্ত নির্বাহী পরিচালকের দপ্তর হতে সকল পবিসকে অবহিত করা হবে।

| | |
|---|---|
| সদস্য (পবিস ব্যবস্থাপনা) | - আহবায়ক |
| প্রধান প্রকৌশলী (প্রকল্প) | - সদস্য |
| নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ) | - সদস্য |
| নির্বাহী পরিচালক | - সদস্য-সচিব |

(ঘ) (১) পবিসসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পবিসের ডিপেজিট কাজের ক্ষেত্র/স্থানসমূহ চিহ্নিত করবেন। বর্ণিত কাজে কি পরিমান মালামাল প্রযোজন হবে তার তালিকা প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে বাপবিবোর্ডের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

(২) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ ডিপেজিট কাজের মালামালের ক্রয়ের Indent প্রণয়নকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে-

i) মালামালের যৌক্তিক প্রয়োজনীয়তা যাচাই করা;

ii) বাপোবিবো/পবিসের স্টোরে কোন কোন আইটেমের মালামাল পর্যাপ্ত পরিমণে মজুদ আছে তা যাচাই করে মালামালের Indent প্রদানের উদ্যেগ গ্রহন করা;

iii) মালামালের Indent প্রদানের পূর্বে সেগুলো Slow Moving আইটেম কি-না তা যাচাই করা;

iv) মালামালসমুহ কতদিনের মধ্যে ব্যবহৃত হবে তা নির্ধারণ/নিশ্চিত করা;

v) পবিস এর মালামাল সংগ্রহের আর্থিক সমর্থ বিবেচন করা;



(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

(৩) প্রস্তাবিত Indent সমূহ স্ব স্ব সমিতি বোর্ড সিদ্ধান্তের মাধ্যমে Lead পবিসে প্রেরণ করতে হবে।

(৪) লীড পবিস প্রাপ্ত Indent সমূহ একত্রিত করতঃ একক প্রাক্কলিত মূল্যের ভিত্তিতে পূর্ণাঙ্গ প্রাক্কলনসহ ক্রয় প্রস্তাব সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তরে প্রেরণ করবে।

(৫) সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালনা পরিদপ্তর ক্রয় প্রস্তাবসমূহ প্রাপ্তির পর নিম্নে বর্ণিত কমিটি তা পর্যলোচনা করতঃ সুপারিশ প্রণয়ন করবেঃ

| | |
|---|---|
| প্রধান প্রকৌশলী (প্রকল্প) | - আহবায়ক |
| পরিচালক (সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর) | - সদস্য সচিব |
| পরিচালক (এমপিএসএস পরিদপ্তর) | - সদস্য |
| সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার (সংশ্লিষ্ট লীড পবিস) | - সদস্য |

কমিটি নিম্ন বর্ণিত বিষয়সমূহ পর্যালোচনা করে প্রস্তাব চূড়ান্ত করবে-

(i) বাপবিবো এবং পবিসসমূহের সংগ্রহতব্য মালামালের সর্বশেষ মজুদ এর আলোকে প্রকৃত ক্রয়তব্য মালামালের পরিমান;

(ii) সংগ্রহতব্য মালামালের প্রাক্কলিত মূল্য;

(৬) সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর ক্রমিক নং-৫ এ বর্ণিত কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে চেয়ারম্যান, বাপবিবোর্ড-এর অনুমোদন গ্রহণ করবে।

(৭) চেয়ারম্যান, বাপবিবোর্ড কর্তৃক ক্রয় প্রস্তাব অনুমোদনরে পর সংশ্লিষ্ট লীড পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার মালামাল ক্রয় সম্পর্কিত পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB.

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(৮) স্বচ্ছতা/জবাবদিহিতার স্বার্থে ক্রয় প্রক্রিয়ার সকল কাগজাত সংশ্লিষ্ট লীড পবিসে যথানিয়মে সংরক্ষণ করতে হবে।

(ঙ) প্রত্যেক পবিস নিজ নিজ পবিস এর ডিপোজিট কাজের জন্য নির্দিষ্ট ফরম ১০০-৬৪-১ এ চাহিদা নিরুপন করবে এবং সমিতি বোর্ডের অনুমোদন গ্রহণ করবে। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত হয়ে গ্রুপের লীড (মনোনীত) পবিস এর নিকট (মনোনীত পবিস ব্যতীত) প্রযোজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তাসহ প্রস্তাব প্রেরণ করবেন। প্রস্তাবের অনুলিপি সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর, জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর দপ্তর এবং পবিস ঋণ ও বাজেট পরিদপ্তরকে অবহিতকরণের জন্য প্রেরণ করবেন। লীড পবিস গ্রুপের সকল পবিস এর মালামারের চাহিদা পাওয়ার পর ফরম নং-১০০-৬৪-০২ এর মাধ্যমে মোট চাহিদাসহ প্রাথমিক প্রাক্কলন প্রস্তুত করবে।

(চ) দলগতভাবে ক্রয়তব্য মালামাল প্রত্যেক পবিস সরাসরি সরবরাহকারীর নিকট হতে গ্রহণ করবে এবং RR (Receiving Report) প্রদান করবে। উক্ত RR (Receiving Report) লীড (মনোনীত) পবিসে বিলের সংগে দাখিল করলে ক্রয়কারী পবিস কর্তৃক বিল প্রদান করা হবে।

(ছ) মালামালের স্পেসিফিকেশন বাপবিবোর্ডের অনুমোদিত এবং এমপিএসএস পরিদপ্তর কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে। মালামালের গুণগত মান নিশ্চিত হওয়ার জন্য চুক্তিওয়রী বাপবিবোর্ডের ইন্সপেকশন ও টেষ্টিং পরিদপ্তর কর্তৃক প্রাক এবং পোষ্ট ইন্সপেকশনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

(জ) মালামালের প্রাক্কলিত মূল্য নির্ধারণ করার লক্ষ্যে বাপবিবোর্ডের ঐ সময়কার প্রাক্কলিত অনুমোদিত একক দর বিবেচনা করতে হবে, যা এমপিএসএস পরিদপ্তর গোপন খামে সরবরাহ করবে। যে সকল আইটেমের প্রাক্কলিত একক মূল্য নেই, বিশেষ করে অপ্রচলিত আইটেমের ক্ষেত্রে দেশীয় বাজার দর, আন্তর্জাতিক বাজার



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant. TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant. TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP, BREB

৬২৯ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

দর (যেমন এলএমই মূল্য) ইত্যাদি যাচাই করে বাপবিবোর্ডের নির্ধারিত কমিটির মাধ্যমে প্রাক্কলিত একক মূল্য নির্ধারণ করতঃ অনুমোদন গ্রহণ পূর্বক এমপিএসএস পরিদপ্তর তা গোপন খামে সরবরাহ করবে।

(ঝ) মালামাল ক্রয়ের জন্য বাপবিবোর্ডের অনুমোদিত দরপত্র দলিল বা সংগ্রহ পরিদপ্তর কর্তৃক প্রত্যয়নকৃত দরপত্র দলিল ব্যবহার করতে হবে। একটি ইংরেজি ও একটি বাংলা জাতীয় দৈনিকে একদিনের জন্য এবং বাপবিবো/পবিস এর ওযেব সাইটে এবং প্রযোজ্য ক্ষেত্রে সিপিটিইউ-এর ওয়েব সাইটে বিজ্ঞাপন প্রকাশের মাাধ্যমে দরপত্র আহবান করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত স্থানে দরপত্র দাখিলের ব্যবস্থা করতে হবে।

(ঞ) দলগতভাবে মালামাল ক্রয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করণের জন্য ব্যয়কৃত অর্থ (মালামালের মূল্য ব্যতিত) দলের অন্তর্ভূক্ত পবিসসমূহ সমভাবে লীড (মনোনীত) পবিসকে পরিশোধ করবে।

(ট) পবিস এর ডিপোজিট কাজের জন্য মালামাল ক্রয়ের দরপত্র দলিল ও দরপত্র বিজ্ঞপ্তি নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটি চূড়ান্ত অনুমোদন প্রদান করবে-

| | |
|---|---|
| সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবোর্ড, ঢাকা | - আহ্বায়ক |
| পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর (সংশিষ্ট) | - সদস্য |
| পরিচালক, এমপিএসএস পরিদপ্তর | - সদস্য |
| পরিচালক, সংগ্রহ পরিদপ্তর | - সদস্য |
| পরিচালক, পবিস ঋন ও বাজেট পরিদপ্তর | - সদস্য |
| সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (ক্রয়কারী পবিস) | - সদস্য সচিব। |



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭.০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB.

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

০৩॥ দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়ন কমিটিঃ

গণখাতে ক্রয় নীতিমালা (Public Procurement Regulation) এর আলোকে দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণের পূর্বে দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ এবং দরপত্র মূল্যায়ন কমিটি যথাযথ কর্তৃপক্ষ (HOPE) এর অনুমোদনে গঠন করা হবে। দরপত্র উন্মুক্তকরণ কমিটিতে দরপত্র মূল্যায়ন কমিটির একজন সদস্য অন্তর্ভুক্ত থাকবে। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা সর্বোচ্চ ০৭ (সাত) জন এবং সর্বনিম্ন ০৫ (পাঁচ) জন হতে হবে। মূল্যায়ন কমিটিতে লাইন মন্ত্রণালয় (বিজ্বাখস) ব্যতীত অন্য যে কোন মন্ত্রণালয় বা উহার অধীন সরকারী/ অধাসরকারী /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের দুই (২) জন কর্মকর্তাকে অন্তর্ভূক্ত করতে হবে। উক্ত দুই(২) জনের মধ্যে অন্তত একজন মূল্যায়নের সময় উপস্থিত থাকতে হবে। দরপত্র দলিলের শর্তানুযায়ী, দরপত্র দলিল গ্রহণ ও উন্মুক্ত করা হবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধিগনের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র উন্মুক্ত করা হবে।

৪॥ কারিগরী সাব-কমিটিঃ

পবিস এর ডিপোজিট কাজের জন্য ক্রয়তব্য মালামালের ধরণ তথা অধিক কারিগরী বিষয় সংশ্লিষ্টতা (More Technical Matter Orientated) বিবেচনা করে দরপত্র দলিল মূল্যায়নের জন্য প্রয়োজনে কারিগরী সাব-কমিটি গঠন করা যাবে। এক্ষেত্রে কারিগরী সাব-কমিটি দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণের পূর্বেই HOPE এর অনুমোদনে গঠণ করতে হবে।

০৫॥ তহবিলের উৎসঃ

পবিস নির্দেশিকা ১০০-৪২ অনুযায়ী গ্রাহকের নিকট হতে গৃহীত অর্থ মালামাল ক্রয়ের উৎস হিসেবে ব্যবহৃত হবে।

০৬॥ কমিটির সদস্যগণের ফি/ সম্মানীঃ

দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ কমিটি, কারিগরী সাব-কমিটি ও দরপত্র মূল্যায়ন ইত্যাদি কমিটির সদস্যগণ পিপিআর-এর আলোকে সম্মানী প্রাপ্য হবেন।



(Md. Mozibur Rahman)
Consultant, TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant, TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভার অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP, BREB

(Debasish Chakraborty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

০৬॥ ক্রয় প্রস্তাব অনুমোদন ও কার্যাদেশ প্রদান প্রক্রিয়াঃ

(১) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্রসমূহ মূল্যায়নের পর, গ্রুপের লীড পবিস মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রস্তুত করবে এবং মূল্যায়ন কমিটির সুপারিশ পর্যালোচনা ও প্রস্তাব গ্রহণের জন্য লীড পবিস সমিতি বোর্ডে উপস্থাপন করবে।

(২) মনোনীত পবিস (লীড পবিস) এর বোর্ড সভায় প্রস্তাব গৃহীত হওয়ার পর উহা বাপবিবোর্ডে অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তরে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর আলোচনা পত্র প্রণনয়ন করতঃ বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করবে।

(৩) বোর্ড সভার গৃহীত সিদ্ধান্ত বাপবিবোর্ডের সচিবালয় সংশ্লিষ্ট পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তরকে অবহিত করবে। উক্ত পরিদপ্তর লীড পবিসকে তা অবহিত করবে।

(৪) মনোনীত পবিস দরপত্র দলিলের শর্ত অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা প্রতিপালন সাপেক্ষে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান ও সংশ্লিষ্ট দরদাতার সাথে চুক্তিপত্র সম্পাদন করবে এবং ০৭ (সাত) দিনের মধ্যে গ্রুপভুক্ত পবিসগুলোকে মালামালের মূল্য প্রদানের নিমিত্ত পত্র প্রদান করবে।

০৭॥ পবিস ডিপোজিট ওয়ার্ক ষ্টোরঃ

প্রত্যেক পবিস ডিপোজিট ওয়ার্কের আওতায় ক্রয়কৃত মালামাল পৃথক লেজারে অন্তর্ভূক্ত করবে এবং ডিপোজিট ওয়ার্ক ষ্টোরে আলাদাভাবে উক্ত মালামাল সংরক্ষণ করবে। প্রতি অর্থ বৎসরের শেষে পবিস নির্দেশিকা ৩০০-৫৩ এবং বাপবিবো নির্দেশিকা ৫০০-১৭ অনুযায়ী ফিজিক্যাল ইনভেন্টরী সম্পন্ন করতঃ ইনভেন্টরী প্রতিবেদন প্রস্তুত পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপবিবো ফরম নং-১০০-৬৪-০১(ভার্সন-০১)

## ডিপোজিট ওয়ার্কের মালামাল ক্রয়ের চাহিদা প্রদান ফরম

---------------------------------- পল্লী বিদ্যুৎ সমিতি-----

-------------------------------------- অর্থ বৎসরের চাহিদা

| ক্রঃ নং | আইটেম নম্বর | মালামালের বিবরণ | একক | বর্তমান মজুদ | চাহিদা | বাপবিবোর্ড অনুমোদিত প্রাক্কলিত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | একক মূল্য | মোট মূল্য |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

দ্রষ্টব্য ঃ একক প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রে ঐ পবিস-এর মালামালের একক সিপিআর মূল্য ব্যবহার করতে হবে। উক্ত প্রাক্কলন এখাতে ব্যয়ের প্রাথমিক ধারণা পাবার জন্য ব্যবহার করা হবে।

ষ্টোর কীপার    এজিএম(ইএন্ডসি)    ডিজিএম (কারিগরী-সঃদপ্তর)    সিনিয়র জিএম/জিএম



(Md. Mozibur Rahman)
Consultant. TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP, BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant, TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant, TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাপবিবো ফরম নং-১০০-৬৪-০২(ভার্সন-০১)

## ডিপোজিট ওয়ার্কের মালামাল ক্রয়ের চাহিদা প্রদান ফরম

------------------------------------ পল্লী বিদ্যুৎ সমিতি (মনোনীত)

------------------------------------ অর্থ বৎসরের চাহিদা, গ্রুপঃ ------------------

| ক্রঃ নং | আইটেম নম্বর | মালামালের বিবরণ | একক | গ্রুপভূক্ত পবসসমূহের চাহিদা | | | | | বাপবিবোর্ড অনুমোদিত সর্বশেষ প্রাক্কলিত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পবিস-১ | পবিস-২ | পবিস-৩ | পবিস-৪ | গ্রুপের মোট চাহিদা | একক মূল্য | মোট মূল্য |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

দ্রষ্টব্য ঃ একক প্রাক্কলিত মূল্যের ক্ষেত্রে ঐ পবিস-এর মালামালের একক সিপিআর মূল্য ব্যবহার করতে হবে। একই মালের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন পবিসতে সিপিআর মুল্য অভিন্ন না হলে গড় একক মূল্য ব্যবহার করতে হবে। উক্ত প্রাক্কলন এখাতে ব্যয়ের প্রাথমিক ধারণা পাবার জন্য ব্যবহার করা হবে।

এজিএম (ইএন্ডসি/প্রশাসন) ডিজিএম(কারিগরী-সদর দপ্তর)

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার

| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | | | | |
|---|---|---|---|---|
| পবিস নির্দেশিকা ১০০-৬৪ঃ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ কর্তৃক ডিপোজিট ওয়ার্কের মালামাল ক্রয় নীতিমালা | | | | |
| উৎপত্তির তারিখ | হালনাগাদকারী | অনুমোদনকারী | পৃষ্ঠা সংখ্যা | সংশোধন সংখ্যা |
| ২০/০৭/২০০৮ খ্রিঃ | বাপবিবো | বাপবিবো বোর্ড | পৃষ্ঠা ৯ /৯ | ২ |
| সংশোধনের তারিখঃ ০১/০৯/২০১৩ ও ১৯/০২/২০২০ খ্রিঃ | | | | |

(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant, TAPP, BREB

(Md. Abdul Khaleque)
Consultant,TAPP, BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP, BREB

(Debasish Chakrabortty)
PD,TAPP, BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.